


সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/৭০৫

তারিখঃ ২৬/০২/২০১৩ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৭১ তম কমিশন সভা অদ্য ২৬/০২/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. সভায় Alif Islamic Income Fund নামক বে-মেয়াদী (Opened-end) মিউচুয়াল ফান্ড এর “খসড়া ট্রাস্ট ডীড” ও “বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তি” অনুমোদন প্রদান করা হয়েছে। মিউচুয়াল ফান্ডটির আকার হচ্ছে ১০ কোটি টাকা এবং সম্পদ ব্যবস্থাপক এর দায়িত্বে নিয়োজিত রয়েছে Alif Assets Management Ltd.।
২. Takaful Islami Insurance Limited এর শেয়ার লেনদেনে সিকিউরিটিজ আইন [সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫] ভঙ্গ করার কারণে Takaful Islami Insurance Limited এর উদ্যোক্তা/পরিচালক জনাব হাসনাইন হারুন -কে ৫ লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
৩. Sandhani Life Finance Limited এর আবেদনের প্রেক্ষিতে তাদের পূর্ণাঙ্গ মার্চেন্ট ব্যাংক হিসাবে নিবন্ধন প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এই বিষয়ে প্রাথমিকভাবে Letter of Intent প্রদানের সিদ্ধান্তও আজকের সভায় অনুমোদিত হয়।
৪. এছাড়াও আজকের সভায় কতিপয় মার্চেন্ট ব্যাংকের Non-Discretionary গ্রাহকদের অমনিবাস হিসাবকে পৃথক বিও (Beneficiary Owners) হিসাবে রূপান্তরের সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত আবেদনসমূহ বিবেচনা না করার সিদ্ধান্ত গৃহীত হয়। এই বিষয়ে কমিশনের জারীকৃত নির্দেশনা নং- এসইসি/সিএমএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৪২ তাং ৩০/১২/২০১২ যথাযথ অনুসরণ করার জন্য সকল মার্চেন্ট ব্যাংকসমূহকে সভায় পরামর্শ দেয়া হয়।


২৬/০২/২০১৩
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র